



# প্রথম আলো

প্রথম আলো, ২৬-০৭-২০২৩, অনলাইন

## ডেঙ্গু নিয়ন্ত্রণে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ব্যতিক্রমী উদ্যোগ



মশার উৎপত্তিস্থল ধ্বংসে মশকনিধন অভিযানে অংশ নেন বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। ঢাকা: ২৬ জুলাই। ফল: ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সৌজন্যে।

সমাজের সাধারণ মানুষকে সম্পৃক্ত করে ডেঙ্গুর বাহক এডিস মশা নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করেছেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। তাঁর উদ্যোগে রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও এর আশপাশের মানুষকে সচেতন করতে আজ বুধবার একটি শোভাযাত্রা বের করা হয়। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

আজকের শোভাযাত্রায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা অংশ নেন। এ সময় মশার উৎপত্তিস্থল ধ্বংসে একটি নিধন অভিযান পরিচালনা করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসংলগ্ন এলাকায় অনেক নিম্ন আয়ের মানুষ বসবাস করেন। তাঁদের মধ্যে সচেতনতার ঘাটতি এবং পরিষ্কার-পরিচ্ছন্নতায় মনোযোগ দেওয়ার মতো সময়ের অভাব রয়েছে। সে জন্য শিক্ষক-শিক্ষার্থীদের সমন্বয়ে এমন উদ্যোগে স্থানীয়রা বেশ উৎসাহ পেয়েছেন। ভবিষ্যতে তাঁরা নিজেদের প্রয়োজনেই পরিচ্ছন্ন এবং সচেতন থাকবেন বলে অঙ্গীকার করেছেন।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় প্রশাসন ও অর্থনীতি অনুষদের ডিন অধ্যাপক এ কে এনামুল হক এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন অধ্যাপক এম রুহুল আমিন এই কর্মসূচিতে নেতৃত্ব দেন। এতে যোগ দেন ঢাকা উত্তর সিটি করপোরেশনের স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর জাহাঙ্গীর আলম।